# ফ্রীল্যান্সিং মার্কেটপ্লেস ওডেস্ক

# টিউটোরিয়াল






# নতুনদের জন্য ফ্রিল্যান্সিং বিষয়ক কিছু কথা

বর্তমান সবচেয়ে আলোচিত টপিক হলো ফ্রিল্যান্সিং। ফ্রিল্যান্সিং নিয়ে নানান মানুষের নানান জল্পনা কল্পনা আছে। কেউ আছে শুধু স্বপ্নই দেখে যায় , আহা কবে যে ফ্রিল্যান্সিং থেকে টাকা পাবো্ কিন্তু তার আগ্রহ নাই আবার কেউ আছে সে তার স্বপ্নকে বাস্তবায়ন করে। এর রকম কিছু সেরা ফ্রিল্যান্সারদের কিছুদিন আগে বেসিস সফ্ট এক্সপো সেরা ফ্রিল্যান্সার সম্মানানা প্রদান করেছে। বাংলাদেশ ফ্রিল্যান্সিং দিক দিয়ে আস্তে আস্তে উন্নতির শিহরে পৌছাচ্ছে , কিন্তু এখনও অনেকের মধ্যে ফ্রিল্যান্সিং নিয়ে অজ্ঞতা রয়ে গেছে। এই অজ্ঞতা দূরীকরণের জন্য অনেক প্রতিষ্ঠান নানান রকম সেমিনারের আয়োজন করেছে। তারা কিছু টাকার বিনিময়ে সেমিনারের আয়োজন করে লেকচার দিয়ে যাচ্ছে। এখান থেকে কেউ আগ্রহ নিয়ে সফল হচ্ছে আবার কেউ বিফল হচ্ছে। আমরাও চাই সফল হতে , বাংলাদেশকে ফ্রিল্যান্সিং এর দিক দিয়ে প্রথম কাতারে নিয়ে যেতে।



Work With Freelancing

এই ব্লগে আমাদের লাকি এফএম ভাই প্রথম আলোর একটি নিউজ লিখেছে, সেরা ১৩ জন ফ্রিল্যান্সার এর সফলতা। আমরা এখান থেকেও তো উৎসাহি হতে পারি। আমি দেখেছি – বেশির ভাগ মানুষের মধ্যে ফ্রিল্যান্সিং নিয়ে কি মত কাজ করে – তারা চায় ঝটপট কাজ শিখে ঝটপট আয় করতে, এটাতো আদৌ সম্ভব না। অনেক পাঠক হয়ত আমাকে চেনেন আবার হয়ত অনেকে আমার নামই শুনেননি। আমি এমন বিশেষ কেউ নই যে আমাকে চিনতেই হবে। তবুও প্রথমে আমি আমার ছোট একটু পরিচয়

Swanirvar Bangladesh
Banglaboks.com

দেই। আমি তাওহিদুল ইসলাম, ইন্টারনেটে একটু আধটু লেখালেখে করি আর ফ্রিল্যান্সিং এ কাজ করি odesk.com এ বছর দেরেক। আমি আজ নতুনদের জন্য ফ্রিল্যান্সিং বিষয়ক কিছু কথা বলবো , ভালো লাগলে অনুসরন করবেন।

আমি মুলত odesk.com কে ফলো করেই আপনাদের কিছু বলবো:

- একদম প্রথমে আপনাকে অবশ্যই একটু ভালো ইংরেজী জানতে হবে।
- ইন্টারনেট ভালোভাবে চালানো জানতে হবে। যেমন: ওয়েব সার্চিং, বিভিন্ন ফোরামে এ্যাকাউন্ট খুলতে পারা ইত্যাদি।
- সবচেয়ে ভালো হয় ওয়েব ডেভেলপ নিয়ে কিছু শিখলে। বাংলায় ওয়েব ডেভেলপিং নিয়ে অনেক সাইট আছে, সেখান থেকে চেষ্টা করতে থাকুন।
- বিশেষ করে WordPress এর Thesis Themes এর কাজ শিখলে বেশি ভালো ফল পাওয়া যাবে।
- নিজেই সখে বিভিন্ন সাইট ডিজাইন করতে থাকুন, বিভিন্ন ফ্রি ডোমেইন নিয়ে। এগুলো আপনার পোর্টফোলিও তে ভালো ফল দেবে।
- আপনার প্রোফাইলে সঠিক তথ্য দিন ।
- প্রোফাইলকে শক্তিশালী করুন।
- odesk.com এ কিছু পরীক্ষা আছে , যে গুলা পারেন সে গুলা দেন।
- প্রতিদিন অন্তত ২-৪ টা জব এ্যাপ্লাই করুন।
- কভার লেটার অর্থাৎ দরখাস্ত সব বায়ারের কাছে একই তা কপি পেষ্ট করবেন না।
- নিয়মিত মেসেজ চেক করুন।
- কাজ পাওয়ার ক্ষেত্রে সময় নিয়ন্ত্রন টা বেশি জরুরী।
- জব এ্যাপ্লাই করার পর বায়ারের কাছ থেকে কোন জবাব বা ইন্টারভিউ না পেলে ধৈর্য হারা হবেন না। ধৈর্য এবং সময় নিয়ন্ত্রন ফ্রিল্যান্সিং এর জন্য সবচেযে বেশি জরুরী।
- odesk.com এ দুই ভাবে কাজ হয়, একটা হলো ফিক্সড অর্থাৎ কাজ শেষে পেমেন্ট। আর আরেকটা আওয়ারলি অর্থাৎ কাজ করতে থাকলে প্রতি ঘন্টায় নির্দিস্ট পরিমান পেমেন্ট হবে, প্রথম দিকে ফিক্সড কাজের বেশী এ্যাপ্লাই করা উচিৎ।

আপনারা চাইলে odesk.com নিয়ে টিউটোরিয়াল লিখতে পারি।

পরিশেষে আমার মনে হয় এভাবে ফলো করলে ৩ মাসের মধ্যেই সফল হওয়া সম্ভব। সবশেষে পরবর্তী বছরের বেসিস সফ্ট এক্সপো সেরা ফ্রিল্যান্সার সম্মানানায় আপনার নাম দেখতে চাই এই কামনায়…

www.freebanglabooks.com Swapnil Bangladesh

# ফ্রীল্যান্সিং মার্কেটপ্লেস ওডেস্ক টিউটোরিয়ালঃ পর্ব এক

আমার আগের ফ্রীল্যান্সিং এর প্রাথমিক গুরুত্বপূর্ন বিষয়গুলো নিয়ে লিখেছিলাম। আপনারা যারা আগের পোস্টটি পড়েছেন তারা হয়ত জানবেন ওডেস্ক কি? এটি একটি খুবই জনপ্রিয় ফ্রীল্যান্সিং মার্কেটপ্লেস। ওডেস্ক নিয়ে ধারাবাহিকভাবে লেখার ইচ্ছা রয়েছে। তারই প্রেক্ষিতে আজ প্রথম পর্ব-

**ওডেস্ক কি?**

ওডেস্ক হলো অনলাইনে আয় করার একটি প্লাটফর্ম বা ফ্রীল্যান্সিং মার্কেটপ্লেস। আপনি এখানে বিভিন্ন কাজের জন্য এ্যাপ্লাই করে কাজ করতে পারেন।

**কাজের ধরন:**

ওডেস্ক এ দুইভাবে কাজ করা হয়।

- এক: মূল্যনির্ধারক বা ফিক্সড ( এখানে কাজ শেষে পেমেন্ট করা হয়)
- দুই: সময়ভিত্তিক বা আওয়ারলি ( এখানে ওডেস্ক এ একটি সফটওয়ার আছে সেটার নাম ওডেস্ক টিম সেটা চালু করে দিয়ে কাজ করলেই আপনার এ্যাকাউন্টে ডলার জমা হতে থাকে)

**কাজের বিভাগ:**

এখানে আপনি বিভিন্ন ধরনের কাজ করতে পারবেন। যেমন: ডাটা এন্ট্রি , ওয়েব রিসার্চ , ওয়েব ডেভলব , প্রোগ্রামিং , এনিমেশন ইত্যাদি।

তবে ওয়েব ডেভলব বিশেষ করে ওয়ার্ডপ্রেস এর কাজ বেশি থাকে। আমি আপনাদের পরামর্শ দেবো আপনারা ওয়ার্ডপ্রেস নিয়ে ভালোভাবে কাজ শিখুন

**পেমেন্ট অপশন:**

ওডেস্ক থেকে আপনি পেপাল , ক্রেডিট কার্ড , ব্যাংক ওয়ার , মানিবুকার্স এর মাধ্যমে টাকা উঠাতে পারবেন। তবে এর মধ্যে আমাদের বাংলাদেশের জন্য মানিবুকার্স টাই জনপ্রিয় এবং সহজ।


www.freebanglabooks.com

আজ থেকে ধারাবাহিকভাবে আমি ওডেস্ক এর যে টিউটোরিয়াল গুলো লিখবো

- কিভাবে প্রোফাইল তৈরী করবেন এবং প্রয়োজনীয় সেটিংস করবেন
- ওডেস্ক মেনু অপশন পরিচিতি
- কিভাবে প্রোভাইলকে শক্তিশালী বা ইউনিক করবেন
- কিভাবে পেমেন্ট মেথড যোগ করবেন
- কিভাবে জব এ্যাপ্লাই করবেন এবং এ্যাপ্লাই এর দরখাস্তে কি লিখবেন
- কিভাবে এ্যাপ্লাই করা জবের ইন্টারভিউ দেখবেন এবং ইন্টারভিউ দেবেন
- কিভাবে বায়ারের সাথে যোগাযোগ করবেন এবং কাজ বুঝে নেবেন
- কাজ শেষ হওয়ার পর কিভাবে কাজ জমা দেবেন


আজ আমি দেখাবো কিভাবে প্রোফাইল তৈরী করবেন এবং প্রয়োজনীয় সেটিংস করবেন

প্রথমে http://www.odesk.com এ যান





Odesk Profile Creating Part: 1

এখানে **Create Account** এ ক্লিক করুন





Odesk Profile Creating Part: 2

এখান থেকে দুই নাম্বার অপশনে ক্লিক করুন




Odesk Profile Creating Part: 3

এখানে প্রয়োজনীয় তথ্য দিয়ে বাটনে ক্লিক করবেন ( বি:দ্র: আমার অনুরোধ যাদের ভোটার আইডি কার্ড নাই অর্থাৎ যাদের বয়স ১৯+ না তারা এখানে এ্যাকাউন্ট না খুলাই ভালো কারন ওডেস্ক সম্প্রতি ভেরিফাই সিস্টেম চালু করেছে যাতে সরকারী আইডি কার্ড অবশ্যই লাগবে )





Odesk Profile Creating Part: 4

এখানে **Varify your email address** এ ক্লিক করুন। আপনার ইমেইলে ভ্যারিফাই লিংক যাবে। লিংকে ক্লিক করে ভ্যারিফাই করলে নিম্নের চিত্রের মত হবে




Odesk Profile Creating Part: 5

এখান থেকে **Fill out Contact Information** এ ক্লিক করুন।




Odesk Profile Creating Part: 5


প্রয়োজনীয় তথ্য দিয়ে **Save and Continue** বাটনে ক্লিক করুন , তাহলে নিম্নের চিত্রের মত হবে




Odesk Profile Creating Part: 7


এখান থেকে **Complete your oDesk Profile** এ ক্লিক করুন।

www.SwanirvarBanglaBooks.com




Odesk Profile Creating Part: 8

এখানে থেকে আপনি যেগুলো্ পারেন সেগুলা টিক দিন ( বি:দ্র: ১০ টির বেশি টিক দিবেন না )




Odesk Profile Creating Part: 9

এখানে **Primary Role** এ আপনি Consultant / Data Entry Professional / Website / Graphics Designer অথবা আপনার পছন্দের পদবী দিন।

**Hourly Rate** এ নতুন অবস্তায় ডাটা এন্ট্রি হলে ১-২ ডলার এর মধ্যে দিন আর ওয়েব ডেভলপার হলে ২-৩ ডলার এর মধ্যে দিন।

**Availability** এ সপ্তাহে কতক্ষন কাজ করতে পারবেন ততটুকু দিন। **Title** এ আপনার পছন্দের টাইটেল দিন। আমি এখানে সাজেশ দেই, যেমন:

Data Entry Worker , Web research , MS Office , Computer Faundamental , Photoshop , Editing , HTML CSS , PHP , Joomla

সব শেষে **Save and Continue** বাটনে ক্লিক করুন , তাহলে নিম্নের চিত্রের মত হবে




Odesk Profile Creating Part: 10

এখান থেকে **Accept the Odesk user Agreement** এ ক্লিক করুন



Odesk Profile Creating Part: 11

এখানে থেকে **I agree to terms** এ টিক দিয়ে Save and Continue বাটনে ক্লিক করুন , তাহলে নিম্নের চিত্রের মত হবে





Odesk Profile Creating Last Part

এখান থেকে **Post my Profile** বাটনে ক্লিক করুন , ব্যস আইডি তৈরী শেষ। আজ এ পর্যন্তই , খুব শীঘ্রই আগামী পোষ্ট নিয়ে আসবো।

www.freebanglabooks.com
Swamirvar Bangladesh

# ফ্রীল্যান্সিং মার্কেটপ্লেস ওডেস্ক টিউটোরিয়ালঃ পর্ব দুই

আমার আগের ফ্রীল্যান্সিং পোষ্টে লিখেছিলাম “কিভাবে প্রোফাইল তৈরী করবেন এবং প্রয়োজনীয় সেটিংস করবেন”। আজ আমি দেখাবো ওডেস্ক মেনু অপশন পরিচিতি। এই পোষ্টটি পুরাটাই ইমেজের উপর নির্ভর করে। পোষ্টটি পুরা লোড হতে অপেক্ষা করবেন। আর এখানে ইমেজ গুলো আকারে ছোট দেখা যাবে , তাই ইমেজগুলো পরিস্কার দেখা যাবে না। অনুগ্রহ করে যে ইমেজগুলো পরিস্কার দেখা যাবে না সেগুলো বড় করে দেখে নিবেন।আসুন তাহলে শুরু করি।




Odesk Menu Option: 1

ইমেজটি [এখান থেকে](#) বড় করে দেখুন

**[বি:দ্র: ইমেজ এর ক্রমিক নাম্বার অনুযায়ী এখান থেকে মিলিয়ে পড়ুন]**

- 1. ওডেস্ক এর মূল মেনু
- 2. এ্যাকাউন্ট সম্পাদন এবং লগ আউট
- 3. ম্যাসেস ইনবক্স , নোটিফিকেশন , টিকেট , সেন্ট আইটেম
- 4. ওডেস্ক ব্যবহারকারীর তথ্য
- 5. ওডেস্ক ব্যবহারকারীর প্রোফাইলের পোর্টফোলীয় লিংক
- 6. ওডেস্ক এ জব , কন্টাকটর , টেষ্ট বা এক্সাম , সাহায্য সার্চ দেওয়া
- 7. ওডেস্ক লাইভ সাপোর্ট অপশন , বিভিন্ন বিষয়ে সাহায্য
- 8. নোটিফিকেশন প্যানেল। জব আসলো না গেলো , নতুন অফার
- 9. কয়টা ইন্টারভিউ একটিভ আছে , কয়টা জব এ্যাপ্রাই খালি আছে
- 10. প্রোফাইল সম্পাদন স্ট্যাটাস

- 11. ওডেস্ক ব্যবহারকারীর প্রোফাইলের পোর্টফোলীয় লিংক
- 12. আইডি ভেরিফাই লিংক
- 13. টিম প্যানেল , কয়টা বায়ার আপনাকে হায়ার করেছে তার লিষ্ট
- 14. পেমেন্ট প্যানেল , ওডেস্কে কয় ডলার আছে তার স্ট্যাটাস
- 15. ওডেস্ক টিম সফটওযার ডাউনলোড লিংক
- 16. একটা এ্যাপ্লাই করা জব চলে গেছে বা ইন্ডেড হয়েছে
- 17. একটা নতুন জব স্টার্ট হয়েছে

**এবার ওডেস্ক এর মূল মেনুগুরার সাথে পরিচিত হই**

**My Jobs**




Odesk Menu Option: 2

**[বি:দ্র: ইমেজ এর ক্রমিক নাম্বার অনুযায়ী এখান থেকে মিলিয়ে পড়ুন]**

- 1. এখানে আপনি কতগুলো জব এ্যাপ্লাই করেছেন তার লিষ্ট দেখা যাবে এবং এখান থেকে জব মুছে দেয়া যাবে
- 2. কতগুলো জব এই মুহুর্তে রানিং আছে তা দেখার জন্য
- 3. আপনি বায়া্র হলে নতুন জব এখান থেকে ছাড়তে পারবেন

**Manage & Work**

**[বি:দ্র: ইমেজ এর ক্রমিক নাম্বার অনুযায়ী এখান থেকে মিলিয়ে পড়ুন]**




Odesk Menu Option: 3

- 1. আপনাকে যে বায়ার হায়ার করেছে তার টিম এ আরো কতজন আছে তা দেখতে পারবেন
- 2. আপনি আওয়ারলি কতক্ষন কাজ করেছেন এবং কাজের স্ক্রিনসট দেখতে পারবেন
- 3. এখানে আপনি Timelogs , My Weekly Timesheet , My Timesheet Details , Time Analyze দেখতে পারবেন
- 4. আপনি টিমের এডমিন হলে টিম থেকে সদস্য নিয়ন্ত্রন করতে পারবেন

**Payments**

**[বি:দ্র: ইমেজ এর ক্রমিক নাম্বার অনুযায়ী এখানথেকে মিলিয়ে পড়ুন]**




www.freebanglabooks.com
Swanirvar Bangladesh

Odesk Menu Option: 4

- 1. কোন কাজের জন্য কত ডলার জমা হয়েছে তার লিষ্ট দেখতে পারবেন
- 2. ওডেস্ক থেকে টাকা তোরার জন্য বিভিন্ন অপশন এ্যাড করতে পারবেন। যেমন: পেপাল , মানিবুকার্স
- 3. ওডেস্কে ডলার জমা হলে পেপাল , মানিবুকার্স দিয়ে তুলতে পারবেন
- 4. আপনি এখান থেকে রেফারার লিংক নিতে পারেন। আপনার এই লিংক থেকে এ্যাকাউন্ট খুললে আপনি ০.৫০ ডলার পাবেন

**Find Contractor & Jobs**

**[বি:দ্র: ইমেজ এর ক্রমিক নাম্বার অনুযায়ী এখান থেকে মিলিয়ে পড়ুন]**




Odesk Menu Option:5

- 1. আপনি বায়ার হলে এখান থেকে কন্ট্রাক্টর খুজতে পারবেন
- 2. আপনি এখান থেকে আপনার পছন্দের জব এ্যাপ্লাই করতে পারবেন
- 3. এখান থেকে আপনার পছন্দের টপিকের উপর পরীক্ষা দিতে পারবেন
- 4. ওডেস্কের কাজের ডিমান্ড যে গুলা বেশী তা এখানে দেখতে পারবেন , এখান থেকেই জব এ্যাপ্লাই করতে পারবেন
- 5. ওডেস্কের পেমেন্ট কাউন্ট দেখতে পারবেন , কি রকম কাজ আছে তা দেখতে পারবেন
- 6. ওডেস্কের নাম করা গ্রুপ বা টিম এর লিষ্ট দেখতে পারবেন। এমন কি এখান থেকে জয়েন দিতে পারবেন

**Ownself Account**

**[বি:দ্র: ইমেজ এর ক্রমিক নাম্বার অনুযায়ী এখান থেকে মিলিয়ে পড়ুন]**


www.Swadhinvar Bangladesh.com




Odesk Menu Option: 6

- 1. এখান থেকে আপনি আপনার প্রোফাইলকে সম্পাদন করতে পারবেন
- 2. এখান থেকে লগ আউট করতে পারবেন

**Ownself Account**
**[বি:দ্র: ইমেজ এর ক্রমিক নাম্বার অনুযায়ী এখান থেকে মিলিয়ে পড়ুন]**




Odesk Menu Option: 6

- 1. এখানে কোন কাজের মেইল আসবে এবং কাজের ইন্টারভিউ আসবে
- 2. কাজের নোটিফিকেশন আসবে
- 3. কোন সমস্যা এ্যাপ্লাই করলে তার রেসপোন্স এখানে আসবে
- 4. আপনার ম্যাসেজের সেন্ট আইটেম দেখাবে

আজ এ পর্যন্তই , আগামী পর্বে থাকছে “কিভাবে প্রোভাইলকে শক্তিশালী বা ইউনিক করবেন”


আমার একটা অনুরোধ থাকবে যেতেতু আমি নিজে ফ্রিল্যান্সিং এর কাজ করি , তাই এ বিষয়ে ধারাবাহিক পোষ্ট দিতে একটু দেরিও হতে পারে। অনুগ্রহ করে আপনারা তাই যদি ভেবে বসেন আর এ বিষয়ে লিখবো না এবং এই জন্য আমার পোষ্ট্ এ বাজে মন্তব্য করেন সেটা কখনই করবেন না। আমি কথা দিচ্ছি এ বিষয়ের উপর আমি ধারাবাহিক পোষ্ট দিয়ে যাবো।আমি আবারো বলছি আমার এই টিউটোরিয়াল অনুযায়ী অনুসরন করলে কাজ আপনি নিশ্চিত পাবেন।
ধন্যবাদ , ভালো থাকবেন সবাই

www.freebanglabooks.com
Swamirvar Bangladesh

# ফ্রীল্যান্সিং মার্কেটপ্লেস ওডেস্ক টিউটোরিয়ালঃ পর্ব তিন

কাজ নিয়ে ব্যস্ত থাকায় ধারাবাহিক পোষ্ট দিতে দেরী হয়ে গেলো। কেমন আছেন আপনারা সবাই? আশা করি ভালো আছেন। গত পর্বে আলোচনা করেছিলাম "ওডেস্ক মেনু অপশন পরিচিতি" নিয়ে। আজ আমি আলোচনা করবো "কিভাবে আপনার প্রোভাইলকে শক্তিশালী বা ইউনিক করবেন"।

প্রথমে odesk.com এ লগিন করুন। Account & Profile Settings এ যান , বাম পাশের মেনু My Contractor Profile এ যান। এখানে অনেক গুলো পর্যায় থাকে সেগুলো সম্পূর্ণ করলে প্রোফাইল এর Profile completeness ১০০% হয়।





পর্যায়ক্রম গুলো হলো **My Account Summary** , **My Public Profile** , **Categories** , **Skills** , **Employment History** , **Education** , **Portfolio Projects** , **Other Experiences**

# My Account Summary




**change** বাটনে ক্লিক করুন।




- 1.**Profile Access** এ আপনি আপনার প্রোফাইল উন্মুক্ত বা লুক্কায়িত রাখতে পারেন।
- 2.**Display Name** এ আপনি আপনার প্রোফাইলে সম্পূর্ণ নাম দেখাতে পারেন অথবা সংক্ষিপ্ত নাম।

- 3.**Primary Role** এ আপনি Web Developer হলে Web Site / Graphics Designer সিলেক্ট করে দিন আর আপনি যদি Data Entry হন তাহলে Consultant বা Data Entry Professional সিলেক্ট করে দিন।
- 4.**Title** এ আপনি যে কাজ করবেন তার টাইটেল দিন্ যেমন আমি দিয়েছি Thesis Themes Expert, WordPress , LinkWheel Building , Craiglsit Poster আপনি Web Developer হলে

  Wordpress Expert,HTML,CSS,PHP Professional বা

  Web Developer Based On WordPress,Thesis Themes Expert বা

  HTML,CSS,PHP,Flash Objective,Mysql দিতে পারেন
  আর আপনি যদি Data Entry হন তাহলে

  Data Entry Professional ,Web Research Expert,MS Office বা
  MS Office Expert,Web Research,Facebook,Twiiter,Forum Account Creator দিতে পারেন।
- 5.**Availability** এ আপনি সাপ্তাহিক কতক্ষন কাজ করতে সক্ষম।
- 6.**Years of Experience** এ আপনি যে কাজ করবেন তা কতদিন থেকে পারেন তা দিন ,তবে সর্বনিম্ন ২ বছর দিতে পারেন।
- 7.**English** এ আপনি কি রকম পারেন তা দিন তবে অপশন চার সিলেক্ট করে দিতে পারেন।
- 8.**Objective** এ আপনি আপনার কথা লিখতে পারেন। যেমন আমি দিয়েছি
  I 'm new user on Odesk but I have good skill. I works on Many Website design with By Client Order .I also know: Thesis Themes Customize Website Design Base on WordPress HTML CSS Craiglist LinkWheel Building You Can see my Portfollio.Hope so you will hire me for this position for better results.I able per week 30-35 hour.Looking forward to work with you.

# My Public Profile

My Account Summary আর My Public Profile একই অপশন।

# Categories

আপনি যে যে বিভাগে কাজ করতে আগ্রহী সেই বিভাগে টিক দিয়ে সেভ করে দিন। উল্লেখ্য ১০ টির বেশী বিভাগ দিবেন না।

# Skills


www.freebanglabooks.com
swapnilbangladesh

Skills

Add

| Actions | Name | Years | Level | Last Use |
|---|---|---|---|---|
| Edit Remove | Data Entry | 4 | ★★★★★ | 2010 |
| Edit Remove | Craig list | 1 | ★★☆☆☆ | 2010 |
| Edit Remove | Link Wheel Building | 2 | ★★★☆☆ | 2010 |
| Edit Remove | Twitter Facebook | 4 | ★★★★★ | 2010 |
| Edit Remove | Microsoft Applications | 4 | ★★★☆☆ | 2010 |
| Edit Remove | Web Reseach | 4 | ★★★★★ | 2011 |
| Edit Remove | Blogger | 3 | ★★★☆☆ | 2010 |
| Edit Remove | Thesis Themes | 2 | ★★★☆☆ | 2010 |
| Edit Remove | WordPress | 2 | ★★★☆☆ | 2011 |
| Edit Remove | HTML | 3 | ★★★☆☆ | 2011 |
| Edit Remove | CSS | 3 | ★★★☆☆ | 2011 |
| Edit Remove | Facebook fan page design | 2 | ★★★★☆ | 2011 |

Skills হলো আপনি কি পারেন তার একটি বর্ণনা। Skills যোগ করতে Add বাটনে ক্লিক করুন




- 1.**Skill** এ আপনি কি পারেন তা লিখুন। যেমন: MS Office
- 2.**Years** এ কত বছর ধরে পারেন। যেমন: 9
- 3.**Level** এ কি মানের পারেন। যেমন: 4-Proficient
- 4.**Last Used** এ শেষ কবে ব্যবহার করেছেন।
- 5.**Project Description** এ আপনি যে কাজটি করেছেন তার সংক্তিপ্ত বর্ণনা দিন।

  সব কিছু দিয়ে **Save** বাটনে ক্লিক করুন আর একাধিক দিতে চাইলে Save And Add More বাটনে ক্লিক করুন তাহলে আবার যোগ করতে বলবে।

# Employment History

Employment History যোগ করুন। বানিয়ে লিখলেও সমস্যা নেই। এটা নিয়ে বিস্তারিত লিখলাম না কারন এর অপশন এর সাথে ইতিমধ্যে পরিচিত হয়ে গেছেন।


# Education

Education যোগ করুন। বানিয়ে লিখলেও সমস্যা নেই। এটা নিয়ে বিস্তারিত লিখলাম না কারন এর অপশন এর সাথে ইতিমধ্যে পরিচিত হয়ে গেছেন।

www.freebangla Swapnil Bangladesh

# Portfolio Projects

আপনি যদি Web Developer / Graphics Designer / Programmer হন তাহলে আপনি যা যা করেছেন তা Portfolio তে যোগ করুন।
Portfolio যোগ করতে **Add** বাটনে ক্লিক করুন।




- 1.Project Title এ আপনি যে কাজ করেছেন তার শিরোনাম দিন। যেমন: Blog Setup and Configure
- 2.Image এ আপনার কাজের স্ক্রীনসট দিন।
- 3.Attachment এ কাজের সাথে কোন ফাইল থাকলে দিতে পারেন।
- 4.Date এ আপনি কাজটি কবে শেষ করেছন তার তারিখ দিন। তারিখ দিতে ক্যালেন্ডার এর মত চিহ্নতে ক্লিক করুন।
- 5.Category এ আপনি যে কাজটি করেছেন তা কোন বিভাগে পড়ে তা সিলেক্ট করে দিন।
- 6.Project Description এ কাজের সংক্ষিপ্ত বর্ণনা দিন
- 7.Project URL এ আপনি যে কাজটি করেছেন তার লিংক থাকলে দিন।

Swanirvar Bangladesh

সব কিছু দিয়ে **Save** বাটনে ক্লিক করুন আর একাধিক দিতে চাইলে Save And Add More বাটনে ক্লিক করুন তাহলে আবার যোগ করতে বলবে।

# Other Experiences

Other Experiences এ আর কি পারেন তা যোগ করতে পারেন।

সবশেষে oDesk Readiness Test পরীক্ষা দিতে হবে। আমি এটার উত্তর পত্র এখানে আজকে দিলাম। যারা টিউটোরিয়াল দেখে করতে চান তারা পরবর্তী পোষ্টের জন্য অপেক্ষা করতে পারেন।

oDesk Readiness Test for Independent Contractors and Staffing Managers এর পরীক্ষার লিংক

oDesk Readiness Test for Agency Contractors এর পরীক্ষার লিংক

দুটি পরীক্ষারই প্রশ্ন প্রায় একই।

পরীক্ষার প্রশ্ন এবং উত্তর

Q: Can I start my own company on oDesk?
A: Yes! oDesk allows you to build and manage a team of workers, colleagues and collaborators. You can even subcontract other workers on oDesk to other customers oDesk (and take a cut).

Q: Which of the following actions are NOT allowed when applying to job openings?
A: All of the above

Q: 'How does feedback work on oDesk?'
A: All of the above

Q: Which of the following is true of your oDesk timelog?
A: All of the above

Q: Which of the following break the oDesk user agreement?
A: All of the above

Q: Which of the following statements about the oDesk Team application are true?
A: All of the above

Q: What do you need to do to ensure guaranteed payment on hourly jobs?
A: All of the above

Q: If you have not done so please download and install the oDesk Team application. With the client running right click on the oDesk Team icon in the system tray (or doc for Mac users). Which of the following options is listed first? Note that you do NOT have to log into any actual Team Room to answer this question.
A: TeamRoom..

www.freebanglabooks.com
Swamirvar Bangladesh

Q: Which of the following statements are correct about oDesk fees?
A: All of the above

Q: Buyers set weekly limits on hourly assignments, how do these work?
A: All of the above

Q: How does oDesk's dispute resolution policy for work?
A: All of the above

Q: How does payments work for agency contractor ?
A: All of your earnings as an agency contract to go directly….
নোট: পরীক্ষায় পাশ করার পর Continue with feedback দিযে দিবেন।
আজ এ পর্যন্তই , আগামী পর্ব নিয়ে শীঘ্রই আসছি।

# ফ্রীল্যান্সিং মার্কেটপ্লেস ওডেস্ক টিউটোরিয়ালঃ পর্ব চার

কেমন আছেন আপনারা। আশা করি ভালোই আছেন। কাজে অত্যধিক ব্যস্ত থাকায় ধারাবাহিক পোষ্ট দিতে বিঘ্ন ঘটছিল। আজ অনেক ধৈর্য্য ধরে লিখতে বসলাম। গত পর্বে লিখেছিলাম "কিভাবে আপনার প্রোফাইলকে শক্তিশালী বা ইউনিক করবেন" আজ তারই ধারাবাহিকতায় লিখবো প্রোভাইলকে শক্তিশালী বা ইউনিক করার জন্য "কিভাবে ওডেস্ক রেডিনেস টেষ্ট দিবেন"। প্রথমে আপনার ওডেস্ক এ্যাকাউন্টে লগিন করুন , এখানে সাধারনত রেডিনেস টেষ্ট হিসাবে দুটি টেষ্ট দিতে হয়। দুটি টেষ্ট উত্তরই প্রায় একই। প্রথম প্রশ্নটির লিংক।

প্রথম প্রশ্নটির লিংকে যান

www.freebanglabooks.com Swamirvar Bangladesh

Start Test

Read policies and FAQ for taking the tests before you hit the Start Test button.

## oDesk Readiness Test for Agency Contractors

### Syllabus of the Test

oDesk Readiness Test

### Rules for taking the test

| | |
|---|---|
| Duration: | 60 minutes |
| # of Questions: | 11 Multiple Choice questions.<br>Each question has between 1 and 8 options of which 1 or more m |

### Test Statistics

| | |
|---|---|
| # of Tests taken: | 39510 |
| # of Contractors that have taken this test: | 0 |
| # of Qualified Contractors: | 17331 |
| Pass rate: | - |

Start Test এ ক্লিক করুন

- This test is best viewed using Internet Explorer 5.0 or above or Mozilla Firefox 2.0 or above at 800x600 pixels resolution.
- Two buttons are provided at the bottom of the test page - one for navigating to the **next** question and the other for navigating to the **previous** question. These are to be used for moving forwards and backwards within the test. Do not use the shortcut menu options (mouse right-click) or the keyboard for navigation.
- Do not press the **next** button if you have not provided an answer to the question. Note that you will not be allowed to come back later and supply an answer.
- You can use the back button to see the answers that you have provided to earlier questions, however, you will not be allowed to modify your earlier answers.
- **This test must be completed in a single sitting.** Unlike other oDesk tests, this test does not have an auto-resume feature. If you are unable to complete the test in a single sitting, you can start the test afresh by logging in to your oDesk account and once again clicking on the link to go to the test.
- **Click the Continue button only if you are sure that you want to start the test now.**

Continue

Continue এ ক্লিক করুন


**Done!**

Your test has been configured. Click the button below to start the test.
You can retake this test any time you like.


Click here to start your test

Swarnvar Bangladesh

Click here to start your test এ ক্লিক করুন




Continue এ ক্লিক করুন




শুরু হয়ে গেল ১১টি প্রশ্নের ৬০ মিনিটের পরীক্ষা। সঠিক উত্তরে টিক দিয়ে বাটনে ক্লিক করুন। এভাবে সব গুলো প্রশ্নের উত্তর দিন। [বি:দ্র: এই প্রশ্নের উত্তর গুলো গত পর্বে দেওয়া হয়েছিল সেখান থেকে দেখে নিন]




উত্তরগুলো যথাযথ ভাবে দেয়ার পর পাশ স্কোর ৫ এ ৫ দেখাবে এবং দুইটি অপশন থাকবে এখানে একটি হলো Continue without providing feedback (এটিতে ক্লিক করলে এই টেষ্টের ফলাফল আপনার প্রোপাইলে এ্যাড হবে না , টেষ্টে ফেল করলে এটিতে ক্লিক করবেন)

আরেকটি অপশন Continue and provide feedback on this test (এটিতে ক্লিক করলে এই টেষ্টের ফলাফল আপনার প্রোপাইলে এ্যাড হবে)

ebanglabooks.com Swanirvar Bangladesh


নীচে কমেন্টস করার অপশন থাকবে , কমেন্ট না দিয়ে Submit এ ক্লিক করুন। একইভাবে দ্বিতীয় পরীক্ষাটি দিন। দ্বিতীয় প্রশ্নটির লিংক

ঠিক এইভাবে আপনি অনান্য টেষ্ট গুলোও দিতে পারবেন , যেমন: ওয়ার্ডপ্রেস , মাইক্রোসফট অফিস , প্রোগ্রামিং ইত্যাদি।


আজ এ পর্যন্তই আগামী পর্বে থাকছে “কিভাবে পেমেন্ট মেথড যোগ করবেন”

# ফ্রীল্যান্সিং মার্কেটপ্লেস ওডেস্ক টিউটোরিয়ালঃ পর্ব পাঁচ

ফ্রীল্যান্সিং মার্কেটপ্লেস ওডেস্ক টিউটোরিয়াল ধারাবাহিক পর্যায়গুলোর প্রায় মাঝ পথে চলে এসেছি। আপনাদের কাজের কি রকম অগ্রগতি হলো জানাবেন। গত পর্বটি ছিল প্রোভাইলকে শক্তিশালী বা ইউনিক করার জন্য “কিভাবে ওডেস্ক রেডিনেস টেষ্ট দিবেন”। আজকের পর্বে থাকছে “কিভাবে পেমেন্ট মেথড যোগ করবেন”। ওডেস্কে পেমেন্ট অপশন কয়েক ধরনের, পেপাল, মানিবুকার্স, পেওনার কার্ড। এগুলো যোগ করর জন্য প্রথমে আপনার ওডেস্ক এ্যাকাউন্টে লগিন করুন।





Payment মেনু থেকে Payment Method এ যান।



Withdrawals

| Method | Fees | Account | Status | Actions |
|---|---|---|---|---|
| Payoneer Debit Card | $2 per withdrawal. Additional activation and maintenance fees charged by Payoneer. | Not registered. Already registered? Click here. | | Sign Up Now! |
| Moneybookers | $1 per withdrawal. Additional currency exchange and commercial fees charged by Moneybookers. | Not registered. Already registered with Moneybookers? Click here. | | Sign Up Now |
| PayPal | $1 per withdrawal. Additional currency exchange and commercial fees charged by PayPal. | Not registered. Already registered with PayPal? Click here. | | Sign Up Now |
| Direct Deposit/ACH | Free payments to US banks. | No accounts added | | Add bank account for Direct Deposit/ACH |
| Wire Transfer (USD) | $30 per withdrawal to Bangladesh. | No accounts added | | Add Wire Transfer account |

মানিবুকার্স যোগ: আপনার যদি আগেই যে মেইল দিয়ে ওডেস্ক এ্যাকাউন্ট খুলেছেন সেই মেইল দিয়ে মানিবুকার্স এ্যাকাউন্ট করে থাকেন তাহলে Already registered with Moneybookers? Click here এ ক্লিক করুন




সেই মেইলটি সিলেক্ট করে দিন , তারপর Enable Moneybookers এ ক্লিক করুন আর যদি আগেই মানিবুকার্স এ্যাকাউন্ট করা না থাকে তাহলে Sign Up Now! এ ক্লিক করুন।
কিভাবে মানিবুকার্স এ্যাকাউন্ট করতে হয় তা জাকারিয়া ভাই সুন্দর করে বর্ণনা করেছেন , তাই আমি নতুন করে লিখলাম না। পোষ্টটি এখান থেকে দেখুন

Payoneer Debit Card এ্যাকাউন্ট করার জন্য Sign Up Now! এ ক্লিক করুন। এইটার নিয়ম এখান থেকে দেখতে পারেন

জাকারিয়া ভাইয়ের অর্থ উত্তলন সম্পর্কিত সব গুলো পোষ্ট দেখুন


আজ এ পর্যন্তই , আগামী পর্বে দেখা হবে।

# ফ্রীল্যান্সিং মার্কেটপ্লেস ওডেস্ক টিউটোরিয়ালঃ পর্ব ছয়

পরীক্ষার জন্য দেশের বাড়ি চলে যাচ্ছি। দোয়া করবেন আমার জন্য যাতে ভালোভাবে পরীক্ষা দিতে পারি। বাড়িতে গেলে অনেকদিন হয়ত আর কোন নতুন পোষ্ট লেখা হবে না তাই যাবার আগে একটা পোষ্ট দিয়ে যাই। গত পর্বে ছিল “কিভাবে পেমেন্ট মেথড যোগ করবেন” আজকের পর্বে থাকছে “কিভাবে জব এ্যাপ্লাই করবেন এবং এ্যাপ্লাই এর দরখাস্তে কি লিখবেন”। আসুন দেখে নেই কিভাবে এগুলো করা যায়।

প্রথমে ওডেস্কে লগিন করুন

www.freebanglabooks.com





তারপর Find Contractors & Jobs মেনুর আন্ডারে Find Jobs এ যান





আপনার যে বিভাগ পছন্দ সেই বিভাগে ক্লিক করুন, আমি এখানে Web Development বিভাগ নিয়ে দেখাবো


Swanirvar Bangladesh




এখানে Web Development বিভাগ এর সব জব গুলো দেখাবে।
এই জব সেকশনে অনেক অপশন আছে সেগুলো নিয়ে একটু আলোচনা করি





এই অপশনে আপনি নতুন জব ,পুরান জব , ভালো ফিডব্যাকের বায়ারের জব , কম ফিডব্যাকের বায়ারের জব ইত্যাদি দেখতে পারবেন





এই অপশনে আপনার পছন্দের কিওয়ার্ড দিয়ে জব খুজতে পারবেন, যেমন আমি খুজতেছি ওয়ার্ডপ্রেস এর জব।




এই অপশনে আপনি দুই ধরনের জব দেখতে পারেন। একটা ফিক্সেড আরেকটা আওয়ারলি।





এই অপশনে রেট অনুযায়ী জব খুজতে পারবেন




banglabooks.com

এখানে দুটি জবের পার্থক্য দেখুন, একটিতে বায়ারের ফিডব্যাক ভালো এবং পেমেন্ট মেথড ভেরিফাইড অন্যটিতে বায়ারের ফিডব্যাক নেই এবং পেমেন্ট মেথড ভেরিফাইড না। এক্ষেত্রে আপনি পেমেন্ট মেথড ভেরিফাইড বায়ার জব সিলেক্ট করবেন। জব সিলেক্ট করার সময় স্কিল দেখে নিবেন। যে জবটি ভালো লাগবে সেই জবের লিংকে মাউসের ডান বাটন ক্লিক করে নিই ট্যাবে যান। আমি এখানে ফিক্সেড জবের নিয়ম দেখাবো।





এবার জবের ডিটেইলস এখানে দেখাবে





এখান থেকে বায়ারের ফিডব্যাক দেখে নিন




এখান থেকে জবের স্কিল এবং কে কত বিড করেছে তা দেখে নিন, সব শেষে জবটি পছন্দ হলে Apply to this job এ ক্লিক করুন




এখানে আপনি বিড রেট দিন





এখানে Estimated Duration এ 100$ এর মধ্যে কাজ হলে Less than one week দিন আর তার বেশী হলে সময় বেশী নিন। [বি:দ্র: কাজটি আওয়ারলি হলে Estimated Duration চাইবে না ]




এখানে আপনার দরখাস্ত বা কভার লেটার লিখুন




এখানে Agree to Terms এ টিক দিয়ে Apply to this job এ ক্লিক করুন




এখানে আবার টিক দিয়ে Continue to Apply এ ক্লিক করুন।

কিভাবে কভার লেটার লিখতে হয় এনিয়ে আবার একটা পোষ্ট দিবো এবং কয়েকটা কভার লেটার স্যাম্পল দেবো।

আজ এ পর্যন্তই। অনেক দেরীতে আবার দেখা হবে। ততদিন ভালো থাকবেন।